ISO 9001:2015

সদর দপ্তর
চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail:
comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১

## Comilla Palli Bidyut Samity-1

স্মারক নং-২৭.১২.১৯২৭.৫০৩.০২.০০৮.২৩.৪৭৭

তারিখঃ ১০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জানুয়ারী ২০২৩ খ্রিস্টাব্দ

## " পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইনডোর উপকেন্দ্র এবং সুইচিং ষ্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে **"নিরাপত্তা প্রহরী "** নিয়োগের নিমিত্তে "কাজ নাই, মজুরী নাই" শর্তে দৈনিক মুজুরী ভিত্তিতে **"নিরাপত্তা প্রহরী"** পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত পুনঃ দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলোঃ-

| পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন । |
|---|---|---|---|---|---|
| নিরাপত্তা প্রহরী (দৈনিক মুজুরী ভিত্তিতে) " পুরুষদের জন্য সংরক্ষিত | ০৭(সাত)টি | ২৪/০১/২০২৩ খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭৪, তাং-২৮/১২/২০২২ খ্রিঃ তারিখের নির্দেশনা অনুযায়ী সর্বোচ্ছ বয়স ৬৫ বছর পর্যন্ত আবেদন করতে পারবেন। | (ক)প্রার্থীকে নূন্যতম ৮ম শ্রেনা/সমমান পাশ থাকতে হবে।<br>(খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার নূন্যতম দক্ষতা থাকতে হবে। | দৈনিক ৪০০.০০ (চারশত) টাকা। | কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকার স্থায়ী ভাবে বসবাসকারী (বরুড়া ,চান্দিনা, দেবিদ্বার ও মুরাদনগ উপজেলা ) শুধুমাত্র পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

শর্তাবলীঃ

০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট pbs1.comilla.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদনফর্ম A4 সাইজের কাগজে হতে হবে। পূর্বে যারা উক্ত পদের জন্য আবেদন করেছেন তারা পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০২। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফর্মটি আবেদনকারীকে স্বহস্তে পূরন করতে হবে।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপৎর বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা//মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিক সনদ, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা,কুমিল্লা এর অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে আপনার কোন দাবীও গ্রহনযোগ্য হবে না । যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মুজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি প্রদান করা হবে এবং তা বলবৎ থাকবে।

০৭। কোন কারন দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৮। আবেদনপত্র আগামী ১২/০২/২০২৩খ্রিঃ তারিখে অফিস সময়ের মধ্যে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না।

০৯। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১০। শারিরিক সক্ষমতা যাচাই ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

১১। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে প্রার্থীর কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

১২। প্রার্থীকে কুমিল্লা পবিস-১ এর ইনডোর উপকেন্দ্র/সুইচিং স্টেশনে নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে।

১৩। প্রার্থীর কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থ্যতার সনদপত্র দাখিল করতে হবে।

১৪। কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০.০০ (দশ হাজার ) টাকা সমিতির অনুকুলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে;

১৫। আবেদনকারী কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং- ০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ প্রেরণ করবেন।

২৪/০১/২৩

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৩। পুলিশ সুপার, কুমিল্লা।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পরিঃ( পুঃঅঃ)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার- চান্দিনা/বরুড়া/দেবিদ্বার/মুরাদনগর উপজেলা,কুমিল্লা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------------পবিস-১/২/৩/৪।
০৭। ডিজিএম(সদর দপ্তর-কারিগরী)বরুড়া/দেবিদ্বার/কোম্পানীগঞ্জ/বাঙ্গরা জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
০৮। এজিএম (ওএন্ডএম) মুরাদ নগর/পয়ালগাছা/নবাবপুর/রামমোহন/কুটুম্বপুর সাব-জোনাল অফিস,কুমিল্লা পবিস-১।
০৯। এজিএম(অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম/সদস্য সেবা/আইটি/প্রশাসন/এইচ.আর), কুমিল্লা পবিস-১।
১০। অফিস কপি/ মাষ্টার ফাইল।

২৪/০১/২৩

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২
ভার্সন: ০১
অনুমোদিত: ২৭/০৪/২০১৪

**কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ কাজ নাই মুজুরী নাই শর্তে দৈনিক মুজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**

**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ০১/২০২৩ .................................................. ..................................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ৩. পদের ধরণ

.................................................. ..................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নামঃ ৫. প্রকাশনার তারিখঃ

.................................. .................................. ..................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭. জন্ম তারিখ (এসএসসি সনদ/নিবন্ধন অনুযায়ী)

.................................. .................................. (দিন/মাস/বছর)

৮. মাতার নাম ৯. বয়স (০৮/০১/২০২২ খ্রিঃ তারিখে)

.................................. ..................................

১০. পিতার নাম ১১. ধর্ম

.................................. ..................................

১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

..................................

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর ১৫. বৈবাহিক অবস্থা টিক(√)দিন [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

[ ] *মহিলা* [ ] *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা* [ ] *মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা* [ ] *এতিম ও শারিরীক প্রতিবন্ধি*

[ ] *উপজাতি* [ ] *আনসার ও গ্রাম প্রতিরক্ষা* [ ] *অন্যান্য*

১৭. স্থায়ী ঠিকানাঃ

.................... .................... .................... ....................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/ নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

.................... .................... .................... ....................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

| ১৯. ব্যাংক ড্রাফ্‌ট নং/পে-অর্ডার নং | ২০. ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডারের মূল্য | ২১. ইস্যুর তারিখ |
|---|---|---|

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ(সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং (ই-মেইল ঠিকানা যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবো/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা,জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২(দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

------------------------------ তারিখ

------------------------------ আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
**চান্দিনা,কুমিল্লা।**

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..........................................................................

পরীক্ষার তারিখ ঃ ..........................................................................

পরীক্ষার সময় ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..........................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ................................................

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ..........................................................................

প্রার্থীর নাম ঃ ..........................................................................

পিতার নাম ঃ..........................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুকঃ ................................................

..........................................................................

..........................................................................।